গাংনীতে পাট বীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত

‘পাট শিল্পের অবদান, স্মার্ট বাংলাদেশ বিনির্মান’ এবং ‘ সোনালী আঁশে সোনার দেশ, পরিবেশ বান্ধব বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাংনীতে দিনব্যাপি পাট বীজ চাষী প্রশিক্ষণ-২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় এই পাট বীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

বুধবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের যৌথ আয়োজনে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে পাট চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নিবার্হী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পাট বীজ চাষী প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন।

এসময় শুভেচ্ছা বক্তব্যে পাট অধিদপ্তরের মেহেরপুর জেলা কর্মকর্তা এ কে হারুন অর রশীদ পাট চাষ ও পাট চাষ সম্প্রসারণ নিয়ে আলোচনা করেন।

পরে গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন ট্রেইনার হিসেবে পাট চাষ নিয়ে আলোচনা করেন। তিনি পাটের জাত নিবার্চন, জমি প্রস্তুত করণ, জৈব সার ও রাসায়নিক সারের প্রয়োজনীয়তা ও পরিমান এবং কার্যকারিতা, পাটের রোগ নির্ণয় ও প্রতিকার, ক্ষতিকর পোকা চিহ্নিতকরণ, বালাইনাশক বা কীটনাশক ব্যবহার নিয়ে ব্যাপক আলোচনা করেন।

প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে ৪০ জন চাষী অংশগ্রহন করেন।

মেহেরপুরে হজ্বযাত্রীদের দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

সুষ্ঠ ও সঠিকভাবে পবিত্র হজ পালনের ক্ষেত্রে হজযাত্রীদের ধর্মীয় ও আনুষাঙ্গিক বিষয়ে আনুষ্ঠানিকভাবে দিনব্যাপি প্রশিক্ষণের দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল থেকে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদে মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির উদ্যোগে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির সভাপতি আলহাজ মোঃ গোলাম রাসুলের সভাপতিত্বে প্রশিক্ষণে বক্তব্য রাখেন মেহেরপুর জামিয়া ইসলামিয়া মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মুফতি মোহাম্মদ হাফিজুর রহমান, সদর উপজেলা হাজী সমিতি সাধারণ সম্পাদক সোহরাব উদ্দিন, যুগ্ম সম্পাদক আব্দুল আজিজ, মিজানুর রহমান, মশিউর রহমান প্রমুখ।

মেহেরপুরে সমবায় বিভাগের প্রশিক্ষণ

মেহেরপুর জেলাধীন সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে তথ্য অধিকার সংক্রান্ত আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

সোমবার সকালে মেহেরপুর জেলা সমবায় অফিসারের কার্যালয়ে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুমের মাধ্যমে যুক্ত ছিলেন খুলনা বিভাগীয় সমবায় কার্যালয়ের উপ-নিবন্ধক প্রশাসন মাসুদা পারভীন। বিশেষ অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তথ্য কর্মকর্তা মোঃ আব্দুল্লাহ আল মামুন।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা মনিরুজ্জামান, জেলা সমবায় প্রশিক্ষক মোঃ নুরুজ্জামান, সহকারী প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষার। প্রশিক্ষণে মেহেরপুর জেলাধীন সমবায় বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন।

মেহেরপুরে সমবায় বিভাগের প্রশিক্ষণ

মেহেরপুর জেলাধীন সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ই-গভর্নেন্স ও উদ্ভাবক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা সমবায় অফিসারের কার্যালয়ে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

ই-গভর্নেন্স ও উদ্ভাবক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, জুম মিটিং এর মাধ্যমে যুক্ত ছিলেন খুলনা বিভাগীয় যুগ্ম নিয়ন্ত্রক মোঃ মিজানুর রহমান, মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, উপসহকারী নিয়ন্ত্রক এনামুল হক, মেহেরপুর সদর উপজেলা সমবায় কর্মকর্তা মনিরুজ্জামান, মেহেরপুর জেলা সমবায় কার্যালয়ের মোঃ নুরুজ্জামান, সহকারি প্রশিক্ষক রোকনুজ্জামান তুষার সহ মেহেরপুর সমবায় কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পুলিশ লাইনস মাঠে অস্ত্র প্রশিক্ষণ ও রায়ট ড্রিল অনুশীলন

মেহেরপুর জেলার বিভিন্ন থানা, ক্যাম্প ও পুলিশ ফাঁড়ীতে কর্মরত পুলিশ সদস্যদের নিয়মিত প্রশিক্ষণের অংশ হিসেবে অস্ত্র প্রশিক্ষণ ও রায়ট ড্রিল অনুশীলন করা হয়েছে।
সোমবার সকালে মেহেরপুর পুলিশ লাইনস মাঠে এ অনুশীলন অনুষ্ঠিত হয়। অনুশীলনে বিভিন্ন ক্যাম্পের পুলিশ সদস্যরা অংশ নেন।

চুয়াডাঙ্গায় পুলিশ সদস্যেদের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন

বাংলাদেশ পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের আওতাভুক্ত নায়েক ও কনস্টেবলদের দক্ষতা উন্নয়ন কোর্সের ৮ম ব্যাচের শুভ উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম সার্বিক নির্দেশনায় বাংলাদেশ পুলিশের ১০৫টি ভেন্যুতে সকল পদমর্যাদার সদস্যদের নিয়ে গতকাল শনিবার বেলা সাড়ে দশটার সময় ৮ম ব্যাচের সপ্তাহ ব্যাপি পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ শুরু হয়েছে।

উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃআবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, আরআই

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible]

মেহেরপুরে ভোটগ্রহণ কর্মকর্তাদের ইভিএম বিষয়ে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ

আর মাত্র ১ দিন পর মেহেরপুর জেলা পরিষদ নির্বাচন। নির্বাচন সুষ্ঠভাবে পরিচালনার জন্য ভোটগ্রহণ কর্মকর্তাদের ইভিএম বিষয়ে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ শেষ হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শনিবার বিকালে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ শেষ হয়। এর আগে গতকাল শুক্রবার সকালের দিকে মেহেরপুর জেলা প্রশাসক এই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

জেলা পরিষদ নির্বাচনের দায়িত্ব প্রাপ্ত সহকারি রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোঃ আবু আনছার প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।

২ দিনের এই প্রশিক্ষণে ২৪ প্রস্তাবিত ভোটগ্রহণ কর্মকর্তা ইভিএম বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে প্রশিক্ষণের সমাপনী

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে দো’’র প্রশিক্ষণ কর্মশালা ও ২৩তম বেল্ট টেস্ট অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়েছে।

রবিবার (২৫ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় এ কর্মশালা শুরু হয়ে সোমাবার বিকাল ৪টায় বেল্ট প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে সোতোকান কারাতেদো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহম্মদ লিকুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা ক্রীড়া কর্মকর্তা মাহবুবুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা বেগম, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, সোতোকান কারাতে দো ঝিনাইদহ’র সহকারি পরিচালক মাহবুবুর রহমান বিপ্লব উপস্থিত ছিলেন। দুইদিন ব্যাপি এই প্রমিক্ষণ এবং বেল্ট টেস্ট কর্মশালার বিচারক হিসেবে ছিলেন জাতীয় কারাতের প্রশিক্ষক মুহাম্মাদ জসিম উদ্দিন ব্লাক বেল্ট ৫ম ডান।

রবিবার ও সোমবার দুইদিন ব্যাপি এই সেমিনারে কারাতের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান ও বেল্ট টেস্টের মাধ্যমে ২৭জন প্রক্ষিণার্থীর মধ্যে উর্ত্তীর্ণ ২৬জন কে সনদ ও বেল্ট প্রদান করা হয়।

মুজিবনগরে কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণ

বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে দারিদ্র্য দূরীকরণ, কর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করার জন্য গ্রামীণ পর্যটনশিল্পের উন্নয়েনের প্রয়োজনে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি-২০৩০) অর্জন ত্বরান্বিত করতে গ্রামীণ পর্যটনের গুরুত্ব অপরিসীম। বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) এর পরিসংখ্যান অনুযায়ী একজন পর্যটক ১০টি কর্মসংস্থান সৃষ্টি করে থাকে।

বৈশ্বিক জিডিপিতে পর্যটনের অবদান ১০% পৃথিবীর অনেক দেশের জনগণের আয়ের অন্যতম উৎস হচ্ছে পর্যটন। পর্যটন একটি সেবাধর্মী শ্রমঘন শিল্প। প্রস্তাবিত জাতীয় শিল্পনীতি ২০২২ এ পর্যটনকে একটি শিল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাবিত শিল্পনীতি অনুযায়ী পর্যটনে ১২টি উপখাতের আওতায় ১২০টিরও অধিক বিষয়কে পর্যটন শিল্পের

আওতায় আনা হয়েছে যার মধ্যে কমিউনিটি বেইজড ট্যুরিজম, ট্যুর গাইড, পরিবহন ও আবাসন খাত অন্যতম।পর্যটন শিল্পের বিকাশ ঘটলে বাংলাদেশের স্থানীয় জনপদের লোকজন উপকৃত হবে তারাই পর্যটনের উন্নয়নে এগিয়ে আসবে।

এছাড়াও গ্রামের মানুষের মধ্যে মমত্ববোধ, ভালোবাসা, শ্রদ্ধা, সহযোগিতা, একতা, সাম্য বৃদ্ধি পাবে যা বর্তমানে চলমান উন্নয়ন অগ্রযাত্রাকে ত্বরান্বিত করে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহযোগিতা করবে এবং বাস্তবায়িত হবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা।

সেই লক্ষমাত্রা কে সামনে রেখে, মুজিবনগরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আয়োজনে, দিন ব্যাপি কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স অডিটরিয়ামে,বর্তমান সরকারের ২০১৮ সালের নির্বাচনী ইশতিহারে অন্যতম প্রতিশ্রুতি “আমার গ্রাম আমার শহর” ধারণাটি গ্রামীণ পর্যটন উন্নয়নের সাথে সম্পর্কযুক্ত। আমাদের পার্শ্ববর্তী দেশ নেপাল ও ভারতসহ বিশ্বের অনেক দেশে গ্রামীণ ট্যুরিজম উন্নয়ন করা হচ্ছে, কারণ গ্রামীণ পর্যটন জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রেও একটি কার্যকর অবদান রাখছে।

তার ধারাবাহিকতায় প্রতি বছর মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত মুজিবনগরে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বহু পর্যটকের সমাগম ঘটে। দর্শনার্থীগণ মুজিবনগরের পর্যটনের আকর্ষণীয় স্থানসমূহে স্থানীয় বাহন ভ্যানে করে সাধারণত ঘুরে বেড়ায়। ঐতিহাসিক মুজিবনগরে আগত পর্যটকদের এর ইতিহাস ঐতিহ্য সম্পর্কে অবহিত করার জন্য গাইড তৈরি করা এবং পর্যটকদের আবাসন ও খাবারের জন্য কমিউনিটি বেইজড ট্যুরিজম উন্নয়নের জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তত্বাবধানে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে দক্ষ ট্যুর গাইড, ট্যুর অপারেটর, হোম-স্টে, পরিবহন কর্মীদের প্রশিক্ষণ প্রদান করার উদ্যোগ গ্রহণ করেছে।গ্রামীণ পর্যটন উন্নয়নের উপর গুরুত্বারোপ করে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার ৬০ জন ট্যুর গাইড, ৩০ জন কমিউনিটি বেইজড ট্যুরিজম উদ্যোক্তা ও ৯০ জন পরিবহন কর্মীদের নিয়ে দু’দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করেছে।

প্রশিক্ষণের প্রথম সেশনে দুই দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মোকাম্মেল হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন (এমপি)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর চেয়ারম্যান আলী কদর, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর প্রধান নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের, মেহেরপুর জেলা প্রশাসক ড: মোহাম্মদ মনসুর আলম খান।
উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

উদ্বোধন শেষে দুই দিনব্যাপী কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয় কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিবিটি এক্সপার্ট ও ফ্যাকাল্টি মেম্বার আনোয়ার হোসেন ভূঁইয়া মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার ট্যুরিজম উইন্ডো এর সত্ত্বাঅধিকারী(বিশিষ্ট ট্যুর গাইড) মনিরুজ্জামান মাসুম বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর সরকারি পরিচালক মাজহারুল ইসলাম,

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর সহকারী পরিচালক বোরহান উদ্দিন এবং মুজিবনগর টুরিস্ট পুলিশের পুলিশ উপ-পরিদর্শক দুই দিনব্যাপী কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণে, মুজিবনগর উপজেলার ৬০ জন ট্যুর গাইড, ৩০ জন কমিউনিটি বেইজড ট্যুরিজম উদ্যোক্তা এবং ৯০ জন পরিবহন কর্মীকে প্রশিক্ষন প্রদান করা হয়।